



পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ বিভাগ আয়োজিত

হুগলী-চুঁচুড়া পৌরসভার পরিচালনায় ও হুগলী-চুঁচুড়া পৌর-যুবকরণের সহযোগিতায়



হুগলী-চুঁচুড়া পৌর ছাত্র-যুব উৎসব ২০১৪-২০১৫

স্থান - হুগলী-চুঁচুড়া পৌরসভা ও উইমেস কলেজ, পিপুলপাতি, হুগলী

তারিখ - ১৭ই জানুয়ারী, শনিবার, ২০১৫, সকাল ১০টা • যোগাযোগ - হুগলী-চুঁচুড়া পৌর-যুবকরণ, হুগলী

সুধী,

পশ্চিমবঙ্গ সরকারের যুব কল্যাণ বিভাগের উদ্যোগে হুগলী-চুঁচুড়া পৌরসভার পরিচালনায় ও হুগলী-চুঁচুড়া পৌর-যুবকরণের সহযোগিতায় সমাজের সবচেয়ে সংবেদনশীল অংশ ছাত্র যুব সম্প্রদায়কে নিয়ে ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে তাদের সক্রিয় অংশ গ্রহণের জন্য হুগলী-চুঁচুড়া পৌর-ছাত্র-যুব উৎসবের আয়োজন করা হয়েছে। আয়োজক রাজ্য সরকার হলেও এই উৎসবের সার্থকতা সম্পূর্ণভাবে নির্ভর করছে ছাত্র-যুব সম্প্রদায়ের ব্যাপক অংশ গ্রহণের মধ্যদিয়ে। আপনাদের সহযোগিতায় এই আয়োজন সবদিক সূন্দর হয়ে উঠবে, এই আশা রাখি।

শ্রী অসিত মজুমদার
বিধায়ক ও উপদেষ্টা
উৎসব কমিটি

তারপ্রসাদ বসু
কার্যবিধি আধিকারিক
হুগলী-চুঁচুড়া পৌরসভা

অমিত রায়
উপ-পৌরপ্রধান
হুগলী-চুঁচুড়া পৌরসভা

গৌরীকান্ত মুখার্জী
পৌরপ্রধান
হুগলী-চুঁচুড়া পৌরসভা

অজিত কুমার দাস
যুব আধিকারিক
হুগলী-চুঁচুড়া পৌরসভা

মাননীয় / মাননীয়া অধ্যক্ষ/প্রতিনিধি/প্রধান শিক্ষিকা/ প্রধান শিক্ষক/সম্পাদক/সম্পাদিকা/মহাশয়/মহাশয়া,

এতদ্বারা আপনাকে জানানো যাইতেছে যে আগামী ১৭/০১/২০১৫ তারিখে হুগলী-চুঁচুড়া পৌরসভার পরিচালনায় ও হুগলী-চুঁচুড়া পৌর-যুবকরণের সহযোগিতায় পৌর অঞ্চলের ছাত্র-ছাত্রী, যুবক-যুবতীদের নিয়ে পৌর ছাত্র-যুব উৎসব অনুষ্ঠিত হবে, এই উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে হুগলী মহিলা মহাবিদ্যালয়ে। উক্ত প্রতিযোগিতায় আপনাদের প্রতিষ্ঠানের অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করি।

প্রতিযোগিতার বিষয়

শিশু কিশোরদের জন্য প্রতিযোগিতা - 'ক' বিভাগ (৫বছর থেকে ১০ বছর বয়স পর্যন্ত)

১। রবীন্দ্র সংগীত ২। নজরুলগীতি ৩। বাংলা কবিতা আবৃত্তি ৪। বসো আঁকো

'খ' বিভাগ (১০ বছর ১দিন থেকে ১৫ বছর বয়স পর্যন্ত)

১। রবীন্দ্র সংগীত ২। নজরুলগীতি ৩। বাংলা কবিতা আবৃত্তি ৪। প্রশ্নোত্তর ৫। বসো আঁকো

সর্বসাধারণের জন্য প্রতিযোগিতা- (১৫বছর ১দিন থেকে ৪০ বছর বয়স পর্যন্ত)

১। রবীন্দ্র সংগীত ২। নজরুল গীতি ৩। আধুনিক বাংলা গান ৪। বাংলা কবিতা-আবৃত্তি ৫। প্রশ্নোত্তর (আমার গর্বের শহর চুঁচুড়া)

৬। তাৎক্ষনিক বক্তৃতা (বাংলা ভাষা) ৭। সংগীতের নৃত্যায়ন ৮। বিশ্বসংবাদ পাঠ

নিয়মাবলী :-

১) ০১/০১/২০১৫ তারিখটি বয়স নির্ধারণের মাপকাঠি ধরা হবে। ২) চুঁচুড়া পৌর এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। ৩) কোন প্রবেশ মূল্য নাই। ৪) নাম জমা দেওয়ার সময় উল্লিখিত স্থানে বেলা ১২টা থেকে ৩টার মধ্যে (সোমবার থেকে শুক্রবার)। ৫) নাম জমা দেওয়ার শেষ তারিখ ১৪/০১/২০১৫। ৬) অঙ্কনের জন্য প্রতিযোগীদের কেবলমাত্র আঁকার কাগজ দেওয়া হবে। ৭) তাৎক্ষনিক বক্তৃতার সময় ৫ মিনিট। ৮) সংগীতের নৃত্যায়নে লোক সংগীত ছাড়া যেকোন রুচিশীল বাংলা গান ব্যবহার করা যাবে। সময়সীমা ১০ মিনিট। দলে সর্বোচ্চ ৮ জন অংশ নিতে পারবে। সিডি বা ক্যাসেট প্রতিযোগীকে প্রস্তুত করে আনতে হবে। ৯। প্রশ্নোত্তর - দলে দুজন করে থাকবে। ১০। বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

হুগলী-চুঁচুড়া পৌর ছাত্র-যুব উৎসব ২০১৪-২০১৫

প্রতিযোগিতার বিষয় ----- বিভাগ -----
প্রতিযোগীর নাম -----
অভিভাবকের নাম ----- ঠিকানা -----
প্রতিযোগীর শিক্ষাকেন্দ্রের নাম -----
বয়স ----- (বয়সের প্রমাণপত্র অবশ্যই আনতে হবে) মোবাইল নম্বর -----

আমি/আমাদের সংস্থা 'পৌর ছাত্র-যুব উৎসব' - এর প্রতিযোগিতায় সানন্দে অংশগ্রহণ করছি এবং অঙ্গীকার করছি যে উৎসবের সূষ্ঠ সম্পদনার স্বার্থে প্রতিযোগিতার যাবতীয় নিয়মাবলী মেনে চলতে এবং বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গ্রহণ করতে বাধ্য থাকবো। ধন্যবাদসহ